# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 SEPTEMBER 2026** **7:45—7:55PM**

---

১) অক্টোবরের পূজোর বিশেষ সহায়তা হিসেবে অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীদের ১ হাজার ৫শো টাকা করে প্রদানে রাজ্য মন্ত্রীসভার সিদ্ধান্ত ।

২) আগামী ২৭ সেপ্টেম্বর রবিবার দেশের সব জাতীয় এবং আঞ্চলিক গ্রামীন ব্যাঙ্কগুলি খোলা থাকবে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রকের প্রকাশ ।

৩) আগামী তেসরা অক্টোবর অনুষ্ঠেয় শিলচর পৌর নিগম নির্বাচনের প্রচারাভিযান আরো জোরদার ।

এবং

৪) এশিয়ান গেমসের শুটিং প্রতিযোগিতায় আজ অনন্তজিৎ সিং নারুকা এবং পরিনাজ ধাবিয়ালের পদক লাভ ।

---

আসন্ন শারদীয় দুর্গোৎসব উপলক্ষে অরুণোদয় প্রকল্পের হিতাধিকারীরা আগামী অক্টোবর মাসের নিয়মিত ১ হাজার ২শো ৫০ টাকার পরিবর্তে পুজোর বিশেষ তহবিল হিসেবে ১ হাজার ৫শো টাকা করে পাবেন । দিশপুরের লোকসেবা ভবণে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে আজ এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ কথা জানিয়ে বলেন যে পূজোর মরশুমে আসাম চা-নিগম লিমিটেডের সব কর্মচারী এবং চা-শ্রমিকরা ২০ শতাংশ বোনাস পাবেন । এ ছাড়াও দুর্গাপূজা উপলক্ষে পূর্ব নির্ধারিত বন্ধের মধ্যে ১৮ অক্টোবর দিনটি রবিবার হওয়ায় ১৭ অক্টোবর দিনটিকে বিশেষ সরকারী ছুটির দিন হিসেবে ঘোষণা করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী প্রকাশ করেন ।

( বাইট - মুখ্যমন্ত্রী )

রাজ্য মন্ত্রীসভা আগামী মাসের জন্য সুলভ মূল্যের দোকানে রেহাইমূল্যে চিনি এবং মুশুর ডাল ১শো টাকা করে সরবরাহ করার বিষয়টিতেও অনুমোদন জানিয়েছে । এছাড়া মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের আধার পঞ্জীয়ন সম্পূর্ণ করার জন্য ২০২৭ সালের ৩১ মার্চ পর্যন্ত এককালীন রেহাই প্রদানেও অনুমোদন জানানো হয়েছে ।

এদিকে রাজ্যে উৎপাদিত বিভিন্ন মশলার পরীক্ষা এবং প্রমানের সুবিধা প্রদানে যাতে এই সামগ্রীর বিপনন এবং রপ্তানি সহজ করে তোলা যায় সেই উদ্দেশ্যে গৌহাটিতে মশলা পরিষদের একটি অত্যাধুনিক মশলা পরীক্ষাগার স্থাপনের জন্যও মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান । তিনি আরো জানান যে কামরূপ জেলায় শিল্পক্ষেত্র স্থাপনের জন্য হাজো রাজস্ব চক্রের ৫শো ৪ বিঘা জমি বন্টন করার বিষয়টিতেই মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে ।

---

কেন্দ্রীয় অর্থমন্ত্রক জানিয়েছে যে আগামী ২৭ সেপ্টেম্বর রবিবার দেশের সব জাতীয় এবং আঞ্চলিক গ্রামীন ব্যাঙ্কগুলি খোলা থাকবে । ইউনাইটেড ফোরাম অব ব্যাঙ্ক আহুত ২৮ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ধর্মঘটের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে । অর্থমন্ত্রক জানিয়েছে যে ভারতের রিজার্ভ ব্যাঙ্ক , সংশ্লিষ্ট ব্যাঙ্কগুলির শাখা , কার্যালয় , এ টি এম এবং কারেন্সি চেষ্ট ২৭ সেপ্টেম্বর রবিবার হওয়া সত্ত্বেও ওই দিন ব্যাঙ্ক সম্পূর্ণ খোলা থাকবে এবং স্বাভাবিক কাজকর্ম হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার বেলা ১১ টায় আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন ।এটি হবে এই অনুষ্ঠানের ১৩৮ তম পর্ব । অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমে শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউটিউব চ্যানেলেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । অনুষ্ঠানটির অব্যবহিত পরেই আকাশবাণী আঞ্চলিক ভাষায় অনুষ্ঠানটি প্রচার করবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সেবা জীবনের প্রধান উদ্দেশ্য হওয়া উচিৎ । রাজনীতি ক্ষেত্রে উচ্চস্থানে উপনীত হওয়ার পর নীতি এবং আদর্শে সেবার মনোভাব অব্যাহত\ রাখা উচিৎ ।তিনি বলেন যে সেবার মনোভাবের জন্য দেশের ৪ কোটি জনসাধারণ স্থায়ী বাসগৃহ লাভ করেছে ।গুজরাটের ওয়াডনগর থেকে বারাণসী পর্যন্ত

সেবা সংকল্প অভিযানকারীদের সঙ্গে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে মত বিনিময় করে তিনি একথা বলেন ।

-------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের নির্মান শাখার জেনারেল ম্যানেজার শ্রী আশীষ বানসাল গত মঙ্গলবার ভৈরবী-সাইরাং রেললাইন পরিদর্শন করে এই রেল রুটের বর্তমান উন্নয়ন মূলক কাজের স্থিতি এবং অগ্রগতির পর্যালোচনা করেন । শ্রী বানসাল ওই দিনই বদরপুর থেকে সাইরাং পর্যন্ত উইন্ডো ট্রেলিং পরিদর্শন করেন । সাইরাং পরিদর্শনের সময় তিনি ট্রেন কোচের জন্য ওয়াশিং পিট লাইনের নির্মান কার্জেরও পরিদর্শন করেন । পরিদর্শনকালে শ্রী বানসাল বিভিন্ন পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের সঙ্গে যুক্ত রেলওয়ে আধিকারিক ও কর্মচারীদের সঙ্গে মত বিনিময় করেন । তিনি মিজোরামের রেল পরিকাঠামো ও পরিসেবা আরো উন্নত মানের গড়ে তোলার লক্ষ্যে আধিকারিক-কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন ।

-------------------------------------------------------------------------------------------

শিলচর পৌরনিগম নির্বাচনে বিজেপির প্রচারে গতি বৃদ্ধি করতে রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া তিনদিনের কার্যসূচী নিয়ে আজ শিলচরে উপস্থিত হয়েছেন ।শ্রী শইকিয়া আজ থেকে ২৬ শে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন ওয়ার্ডে নির্বাচনী প্রচার চালানো সহ সাংগঠনিক সভায় অংশগ্রহণ করবেন ।শিলচর পৌরনিগমের প্রথম নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে বিজেপি ইতিমধ্যে ৪২ টি ওয়ার্ডে প্রার্থী দিয়েছে । এর মধ্যে দুটি ওয়ার্ডে বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছে ।এদিকে দলীয় সূত্রে জানা গেছে যে চলতি মাসের শেষে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার শিলচর সফরে আসার কথা রয়েছে । তবে তাঁর এই সফরের সম্পূর্ণ সময়সূচী এখনো চূড়ান্ত হয়নি ।

এদিকে শিলচর পৌরনিগম নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে কংগ্রেস দলও ব্যাপক প্রচার অভিযান চালিয়ে যাচ্ছে ।অসম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি রিপুণ বরা আজ শিলচর ইন্দিরা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বিজেপি সরকারের বিরুদ্ধে বেশ কিছু অভিযোগ উত্থাপন করেন । শ্রী বরা এবং কংগ্রেস দলের জাতীয় সম্পাদক পৃথবীরাজ শাঠে বিভিন্ন ওয়ার্ডে দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালাচ্ছেন ।

-------------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশে এবং পূর্ববর্তী নির্দেশের আংশিক পরিবর্তনের মাধ্যমে আদর্শ আচরণবিধি ও আইনশৃঙ্খলা সেলের দায়িত্বপ্রাপ্ত কাছাড়ের অতিরিক্ত আয়ুক্ত গতকাল এক নির্দেশে জানিয়েছেন যে জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের

কার্যলয়ে অভিযোগ পর্যবেক্ষণ এবং কন্ট্রোলরুম ও কল সেন্টার সপ্তাহে প্রতিদিন ২৪ ঘন্টা কর্মরত রয়েছে ।এই কন্ট্রোলরুমের যোগাযোগ নম্বর হচ্ছে ০৩৮৪২-২৩৪০০৫।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট রাহুল কুমার গুপ্ত এক বিজ্ঞপ্তীতে জেলার আইন শৃংখলা পরিস্থিতির অবনতির পরিপ্রেক্ষিতে এবং সীমান্তবর্তী এলাকাগুলি থেকে কাছাড় জেলা দিয়ে বে-আইনীভাবে পণ্য সামগ্রী ও গবাদি পশু পাচারের আশংকায় ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের এক কিলোমিটার এলাকার মধ্যে সূর্য্যাস্ত থেকে সূর্যদোয় পর্য্যন্ত কোন ব্যাক্তি চলাফেরা করতে পারবেন না । সুরমা নদীতে মাছ ধরতে হলে কাটিগড়ার চক্র আধিকারীক থেকে আগাম অনুমতি নিতে হবে । এছাড়া সূর্য্যাস্ত থেকে সূর্যদোয় পর্য্যন্ত সীমান্ত এলাকার পাঁচ কিলোমিটারের মধ্যে কেউ চিনি ,চাল , গম ভোজ্য তেল নিয়ে যেতে পারবেন না । এই নির্দেশ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে জেলার বেসরকারী চিকিৎসা প্রতিষ্ঠানগুলিতে রোগীর নিরাপত্তা , পরিষেবার স্বচ্ছতা , জৈব চিকিৎসা বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা এবং প্রযোজ্য আইন ও বিধি মেনে চলা নিশ্চিত করতে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে । সহকারী আয়ুক্ত রাসিকা ইসলামের পৌরহিত্যে আয়োজিত সভায় চিকিৎসা প্রতিষ্ঠানগুলির নিবন্ধন ও নিয়মপালন , রোগীর অধিকার ও নিরাপত্তা সংক্রান্ত প্রতিরোধ , জরুরী চিকিৎসা ব্যবস্থা , চিকিৎসা সংক্রান্ত নথিপত্র সংরক্ষন এবং জৈব চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়া সভায় বেসরকারী চিকিৎসা প্রতিষ্ঠানগুলিকে প্রযোজ্য নিবন্ধন ও অনুমোদন বজায় রাখা , যোগ্য চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীর মাধ্যমে পরিষেবা প্রদান , রোগীর গোপনীয়তা ও মর্য্যাদা রক্ষা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অবহিত সম্মতি গ্রহনের নির্দেশ দেওয়া হয়েছে । আজকের সভায় ভারপ্রাপ্ত যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর শশাংক ভট্টাচার্য্য , মহকুমা চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর জামাল আহমেদ চৌধুরী সহ জেলার বিভিন্ন বেসরকারী চিকিৎসালয় , নার্সিংহোম ,পরীক্ষাগার ও রোগ নির্ণয় কেন্দ্রের প্রতিনিধিরা অংশগ্রহন করেন ।

-----------------------------------------------------------------------------------

উত্তর করিমগঞ্জের বিধায়ক জাকারিয়া আহমেদ আজ শ্রীভূমি জেলার বদরপুর ব্লকের রবীন্দ্র ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে বিশেষভাবে সক্ষম এবং প্রবীন নাগরিকদের

মধ্যে বিনামূল্যে পরীক্ষাকরন ও ইনটেক কার্ড বিতরন করেন । শিবিরের প্রথম দিন আজ প্রায় পাঁচশ মানুষের পরীক্ষাকরন সম্পন্ন  হয় এবং পরবর্তী পদক্ষেপের জন্য নাম নথিভুক্ত করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি মাই ভারত জেলা উপদেষ্টা কমিটি এবং মাই ভারত জেলা সমন্বয় কমিটির এক সভা আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয় । জেলার সহকারী আয়ুক্ত রাসিকা ইসলামের পৌরহিত্যে আয়োজিত সভায় বিভিন্ন খন্ড উন্নয়ন আধিকারীক , কলেজ অধ্যক্ষ সহ অন্যান্য সহযোগী বিভাগের আধিকারীকরা উপস্থিত ছিলেন । সভায় শ্রীভূমির মাই ভারত কেন্দ্রের জেলা যুব আধিকারীক গৌরব পন্থী জানান যে সাম্প্রতিক দেশব্যাপী মাই ভারত পোর্টালে নিবন্ধন অভিযানে শ্রীভূমি জেলা আসামের শীর্ষ ১০টি জেলার মধ্যে স্থান করে নিয়েছে । শ্রীপন্থী আরো জানান যে আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ-২০২৭ এর যোগ্যতা নির্ণায়ক কুইজের সময়সীমা শেষ হতে চলছে ।

--------------------------------------------------------------------------------

এশিয়ান গেমসের শুটিং প্রতিযোগিতায় আজ মিক্সিড স্কিট টিম শাখায় অনন্তজিৎ সিং নারুকা এবং পরিনাজ ধাবিয়াল ব্রোঞ্জ পদক লাভ করেছেন । উল্লেখ্য যে এই শাখায় ভারত এই প্রথমবারের মত পদক লাভ করতে সক্ষম হয়েছে । এদিকে কাবাডিতে ভারতীয় পুরুষ দল গ্রুপ পর্যায়ের চূড়ান্ত খেলায় চীনকে ৩৭-২১ ব্যবধানে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে ।

--------------------------------------------------------------------------------